Undo ও Redo এর ব্যবহার – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৬

tutorial.hamimit.com/undo-ও-redo

Undo ও **Redo** এর ব্যবহার করে **ওয়ার্ড ২০১৬** ডকুমেন্টে শেষ প্রয়োগকৃত কমাণ্ডের কার্যকারিতা বাতিল এবং পুনরায় করা যায়।

এম এস ওয়ার্ড এর সকল ভার্সনেই এ কমাণ্ডটি রয়েছে। ডকুমেন্ট সম্পাদন করার সময় **Undo** ও **Redo** বহুল ব্যবহার করতে হয়।

কিভাবে Undo কমাণ্ডের ব্যবহার করবেন?


এ কমাণ্ড ব্যবহার করে ওয়ার্ড ডকুমেন্টের সকল ভার্সনেই শেষ কমাণ্ডের কার্যকারিতা বাতিল করা যায়।

যেমন ধরুন, ডকুমেন্টের কোন টেক্সট ভুলক্রমে মুছে ফেলেছেন। এই মছে ফেলা টেক্সট **Undo** কমাণ্ড দ্বারা ফিরিয়ে আনা যাবে।

ওয়ার্ড ডকুমেন্টে ২টি নিয়মে **Undo** করা যায়। একটি কুইক একসেস টুল ব্যবহার করে অন্যটি কীবোর্ড সর্টকাট ব্যবহার করে।

কুইক একসেস টুলবার থেকে:

- ডকুমেন্টের কোন টেক্সট সিলেক্ট করুন।
- কীবোর্ডের **Delete** কী চেপে মুছে ফেলুন।
- এবারে কুইক একসেস টুলবারের **Undo** বাটনে ক্লিক করুন।



লক্ষ্য করুন, ডিলিটকৃত টেক্সটটি পুনরায় প্রদর্শিত হচ্ছে।

কীবোর্ড সর্টকাট দ্বারা-

- ডকুমেন্টের কোন টেক্সট সিলেক্ট করুন।
- কীবোর্ডের **Delete** কী চেপে মুছে ফেলুন।
- এবারে কীবোর্ডের **Ctrl+Z** চাপুন।

লক্ষ্য করুন, ডিলিটকৃত টেক্সটটি পুনরায় প্রদর্শিত হচ্ছে।

কিভাবে **Redo** কমাণ্ডের ব্যবহার করবেন?


এ কমাণ্ড ব্যবহার করে ওয়ার্ড ডকুমেন্টের সকল ভার্সনেই সর্বশেষ প্রয়োগকৃত কমাণ্ডের কার্যকারিতা পুনরায় প্রয়োগ করা যায়।

যেমন ধরুন, ডকুমেন্টের কোন টেক্সট প্রয়োজনীয় ফরমেট সম্পাদন করেছেন। এবারে অন্য কোন টেক্সট এর ওপর ফরমেটটি প্রয়োগ করতে চান।

ওয়ার্ড ডকুমেন্টে ২টি নিয়মে **Redo** করা যায়। একটি কুইক একসেস টুল ব্যবহার করে অন্যটি কীবোর্ড সর্টকাট ব্যবহার করে।

কুইক একসেস টুলবার থেকে:

- ডকুমেন্টের কোন টেক্সট সিলেক্ট করুন।
- প্রয়োজনীয় ফরমেট সম্পাদন করুন। যেমন- লেখাটিকে লাল রং করুন।
- এবারে ডকুমেন্টের যে টেক্সটসমূহ লাল রং করতে চান তা সিলেক্ট করুন।
- অতপর কুইক একসেস টুলবারের **Redo** বাটনে ক্লিক করুন।



লক্ষ্য করুন, সিলেক্টকৃত টেক্সটটি লাল রং হয়েছে।

কীবোর্ড সর্টকাট দ্বারা:

- ডকুমেন্টের কোন টেক্সট সিলেক্ট করুন।
- প্রয়োজনীয় ফরমেট সম্পাদন করুন। যেমন- লেখাটিকে লাল রং করুন।
- এবারে ডকুমেন্টের যে টেক্সটসমূহ লাল রং করতে চান তা সিলেক্ট করুন।
- এবারে কীবোর্ডের **Ctrl+Y** চাপুন।

লক্ষ্য করুন, সিলেক্টকৃত টেক্সটটি লাল রং হয়েছে।

কপি ও পেস্ট করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৫

জুম ইন-আউট এর ব্যবহার – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৭

> আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে জুম ইন-আউট [Zoom In-Out] করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।